ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৮১

বিলোনীয়া, ২৩ জুলাই, ২০২৫

**জোলাইবাড়ি ব্লকে ১৩,৩৪৪টি বাড়িতে পানীয়জলের সংযোগ**

জল জীবন মিশন-২.০ প্রকল্পে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর থেকে জোলাইবাড়ি ব্লকে পাইপ লাইনের মাধ্যমে বাড়ি বাড়ি বিশুদ্ধ পানীয় জল সরবরাহের কাজ চলছে। এই প্রকল্পে চলতি অর্থবছরের এখন পর্যন্ত জোলাইবাড়ি ব্লকের ৪৫টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই ব্লক এলাকায় মোট বাড়ি রয়েছে ১৮ হাজার ২৫৮টি। এখনো পর্যন্ত এই ব্লকের মোট ১৩ হাজার ৩৪৪টি বাড়িতে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এখন পর্যন্ত এই ব্লকে ৭৩.০৯ শতাংশ বাড়ি পানীয় জলের সংযোগের আওতায় এসেছে। অবশিষ্ট বাড়িগুলিতে ক্রমান্বয়ে সংযোগ প্রদান করা হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****